

এইচএসসি পরীক্ষার দ্বিতীয় দিন

৮ বোর্ডে বহিক্ষার ১৪, অনুপস্থিত ৫৯৯

নিজস্ব বার্তা পরিবেশক

: রোববার, ২০ আগস্ট ২০২৩



এইচএসসি পরীক্ষার দ্বিতীয় দিনে আট শিক্ষা বোর্ডে ১৪ জন পরীক্ষার্থী বহিক্ষার হয়েছে। এদিন কেন্দ্রে অনুপস্থিত ছিল ছয় হাজার ৫৯৯ জন পরীক্ষার্থী।

আজ সকালে ঢাকা, কুমিল্লা, ময়মনসিংহ, বরিশাল, রাজশাহী, ঘশোর, সিলেট ও দিনাজপুর এ আট বোর্ডে এইচএসসির বাংলা দ্বিতীয় পত্র পরীক্ষা অনুষ্ঠিত হয়।

প্রাকৃতিক দূর্ঘাগের কারণে চট্টগ্রাম বোর্ডের এইচএসসি, কারিগরি বোর্ডের এইচএসসি বিএম-বিএমটি, ভোকেশনাল, ডিপ্লোমা ইন কমার্স এবং মাদরাসা শিক্ষা বোর্ডের আলিম পরীক্ষা আগামী ২৭ আগস্ট শুরু হবে।

এবার এইচএসসি ও সমমান পরীক্ষায় সারা দেশে নিয়মিত ও অনিয়মিতসহ মোট ১৩ লাখ ৫৯ হাজার ৩৪২ জন পরীক্ষার্থীর অংশ নেয়ার কথা।

দ্বিতীয় দিনে আট বোর্ডে পরীক্ষার্থী ছিল ৯ লাখ ৪৬ হাজার ৮৪৫ জন। এদের মধ্যে এক হাজার ৪১৩টি কেন্দ্রে পরীক্ষায় অংশ নেয় ৯ লাখ ৪০ হাজার ২৪৬ জন। অনুপস্থিত ছিল ছয় হাজার ৫৯৯ জন।

আন্ত:শিক্ষা বোর্ড থেকে জানা গেছে, গতকাল ঢাকা বোর্ডের এক হাজার ৭০৫ জন, রাজশাহী বোর্ডের এক হাজার ৪৪ জন, কুমিল্লা বোর্ডের এক হাজার ৩৭ জন, যশোর বোর্ডের ৬৯৩ জন, সিলেট বোর্ডের ৪৫৫ জন, বরিশাল বোর্ডের ৪১৫ জন, দিনাজপুর বোর্ডের ৮৪৬ জন এবং ময়মনসিংহ বোর্ডের ৪০৪ জন পরীক্ষার্থী অনুপস্থিত ছিল।

আর দ্বিতীয় দিনে বাংলা দ্বিতীয় পত্র পরীক্ষায় বহিক্ষৃত ১৪ জনের মধ্যে ঢাকা বোর্ডের তিনজন, বরিশাল বোর্ডের তিনজন, কুমিল্লা বোর্ডের ছয়জন ও যশোর বোর্ডের দুইজন পরীক্ষার্থী বহিক্ষৃত হয়েছে।